**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

মাঘ ২৬, ১৪২৪

এফই সার্কুলার নং-০৬ তারিখ ঃ----------------------

ফেব্রুয়ারি ০৮, ২০১৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্যের পাশাপাশি নারিকেল ছোবড়ার আঁশ দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নম্বর ২৬, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এবং সার্কুলার পত্র নম্বর এফইপিডি(রপ্তানি-১)২৯১/হাতে তৈরী পণ্য(নীতি)/২০০৪-৮৮৫, তারিখ ডিসেম্বর ২৩, ২০০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্যের পাশাপাশি নগদ সহায়তা প্রাপ্তির সংশ্লিষ্ট তালিকায় নারিকেল ছোবড়ার আঁশ দ্বারা (হস্তজাত কিংবা যান্ত্রিক উপায়ে) উৎপাদিত পণ্য অন্তর্ভুক্ত হবে। জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮ সময়ে জাহাজীকৃত নারিকেল ছোবড়ার আঁশ দ্বারা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে নগদ সহায়তার এ সুবিধা প্রযোজ্য হবে। তবে আলোচ্য সুবিধা প্রাপ্যতার ক্ষেত্রে সে সকল আবেদনপত্র দাখিলের সময়সীমা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে সে সকল ক্ষেত্রে এ সার্কুলার জারির তারিখ হতে ৬০(ষাট) দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে। উল্লেখ্য, পরবর্তী সময়ে হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান বজায় থাকা শর্তে নারিকেল ছোবড়ার আঁশ দ্বারা উৎপন্ন পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদেয় হবে।

আলোচ্য পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ২৬, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ সহ এতদ্‌বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রগুলোতে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৪২